



ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ ফিন্যান্স বিভাগে ০২ (দুই) টি স্থায়ী প্রভাষকের শূন্য পদে নিয়োগের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতনের স্কেল: ২২,০০০-৫৩,০৬০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

লেখকচারার পদের শিক্ষাগত যোগ্যতা ঃ প্রার্থীদের অবশ্যই ফিন্যান্স বিষয়ে চার বছর মেয়াদী বিবিএ এবং এমবিএ পরীক্ষায় উভয়টিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৭৫ ও এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। যে সকল প্রার্থী অনার্স অথবা মাস্টার্স পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি. বা এইচ.এস.সি. পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। অন্যান্য যোগ্যতা সমান থাকলে ফিন্যান্স বিষয়ে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। দরখাস্তের প্রত্যেক কপির সহিত সার্টিফিকেট, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৩.০৮.২০২২। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

জি-১৬১৪/২২ (৪' X ৪)



ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ মৎস্যবিজ্ঞান বিভাগে ১ (এক) টি অধ্যাপকের স্থায়ী শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতনের স্কেলঃ ৫৬,৫০০-৭৪,৪০০/- টাকা।

শিক্ষাগত যোগ্যতা ঃ প্রার্থীদের মৎস্যবিজ্ঞান বিষয়ে অবশ্যই বিশিষ্ট পন্ডিত হতে হবে। তাঁদের পি-এইচ.ডি. অথবা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। কোন বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাঁদের ন্যূনপক্ষে ১২ (বার)। বৎসরের শিক্ষকতা এবং গবেষণার অভিজ্ঞতা থাকিতে হবে। তাদের স্বীকৃতমানের গবেষণা জার্নালে প্রকাশিত মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হবে। বিশেষ ক্ষেত্রে অভিজ্ঞতার সময়সীমার শর্ত শিথিল করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণ পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত, ০৩.১০.২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

জি-১৬১৫/২২ (৪' X ৪)